জীবননগরে জামায়াতের সাংবাদিক সম্মেলন

স্বেচ্ছাসেবক দলের নেতার হামলায় নিহত জামায়াত কর্মী হাফিজুর রহমান হত্যাকাণ্ডের সর্বশেষ পরিস্থিতি তুলে ধরা এবং দ্রুত, স্বাধীন ও নিরপেক্ষ তদন্তের দাবি জানাতে গতকাল বুধবার বিকেল ৪টায় উপজেলা কার্যালয়ে সাংবাদিক সম্মেলন করে বাংলাদেশ জামায়াতে ইসলামী’র জীবননগর শাখা।

সম্মেলনে নেতৃবৃন্দ জানান, ২৮ ফেব্রুয়ারির হামলার ঘটনায় এলাকায় এখনো উত্তেজনা ও উদ্বেগ বিরাজ করছে। তারা হামলার পেছনের নেপথ্য রাজনৈতিক প্ররোচনা উদ্ঘাটন, সংশ্লিষ্ট ব্যক্তিদের দ্রুত গ্রেপ্তার এবং তদন্তে সর্বোচ্চ স্বচ্ছতা নিশ্চিত করার দাবি জানান। পাশাপাশি আহতদের চিকিৎসা সহায়তা ও নিহতের পরিবারের প্রতি রাষ্ট্রীয় মানবিক সহায়তার আহ্বান জানানো হয়।

নেতৃবৃন্দ আরও বলেন, জনগণের আস্থা ফিরিয়ে আনতে একটি নিরপেক্ষ তদন্তই এখন সময়ের দাবি।

সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা আমির সাজেদুর রহমান, নায়েবে আমির হাফেজ বিল্লাল হোসেন, মো. শাখাওয়াত হোসেন, উপজেলা সেক্রেটারি মো. মাহফুজুর রহমান, আবু বকর সিদ্দিক, উপজেলা আইটি সম্পাদক মো. হারুনুর রশিদ এবং জীবননগর পৌর আমির ফিরোজ হোসেন প্রমুখ।

রিটের নামে প্রহসন বন্ধ ও অবিলম্বে প্রশাসক নিয়োগের দাবিতে হাউলী ইউনিয়নে

মানববন্ধন

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়ন পরিষদে দীর্ঘ এক যুগ ধরে নির্বাচন বন্ধ থাকার প্রতিবাদে এবং অবিলম্বে নির্বাচন ও প্রশাসক নিয়োগের দাবিতে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বেলা ১১টায় হাউলী ইউনিয়ন পরিষদের সামনে ইউনিয়নবাসীর আয়োজনে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়। দল-মত নির্বিশেষে বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ এতে অংশগ্রহণ করেন। মানববন্ধনে অংশগ্রহণকারীরা ব্যানার ও প্ল্যাকার্ডে লেখেন “রিটের নামে প্রহসন বন্ধ করো” এবং “হাউলী ইউনিয়ন পরিষদে অবিলম্বে নির্বাচন চাই, প্রশাসক নিয়োগ চাই।”

বক্তারা অভিযোগ করে বলেন, সীমানা-সংক্রান্ত জটিলতা ও একের পর এক রিট আবেদনের কারণে প্রায় এক যুগ ধরে হাউলী ইউনিয়ন পরিষদে নির্বাচন অনুষ্ঠিত হয়নি। ৫ আগস্টের পর এ ইউনিয়ন পরিষদে কোনো মামলা না থাকলেও সম্প্রতি চারজন ইউপি সদস্য নতুন করে হাইকোর্টে রিট দায়ের করে প্রশাসক নিয়োগ ও নির্বাচন কার্যক্রম ছয় মাসের জন্য স্থগিত করেছেন।

বক্তারা আরও বলেন, ইউনিয়ন পরিষদের মেয়াদ শেষ হওয়ায় উপজেলা প্রশাসন প্রশাসক নিয়োগের প্রস্তুতি নিচ্ছিল। এমন সময় নতুন করে রিট করায় প্রশাসক নিয়োগ প্রক্রিয়া স্থগিত হয়ে যায় এবং নির্বাচন কার্যক্রম অনিশ্চয়তার মুখে পড়ে।

মানববন্ধনে উপস্থিত থেকে বক্তব্য রাখেন হাউলী ইউপি সদস্য জাহাঙ্গীর আলম টিক্কা, শাহ তাজ আলম, হুমায়ুন কবির ডাবলু ও রজব আলী সুমন প্রমুখ।

তারা অবিলম্বে মামলা প্রত্যাহার করে সাধারণ মানুষের ভোটাধিকার ফিরিয়ে দেওয়ার আহ্বান জানান এবং নির্বাচনে প্রতিবন্ধকতা সৃষ্টিকারীদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের দাবি জানান।

ইউনিয়নবাসীর ভাষ্য, দীর্ঘদিন ধরে নির্বাচিত প্রতিনিধিত্ব থেকে বঞ্চিত হওয়ায় সাধারণ মানুষের মাঝে হতাশা ও ক্ষোভের সৃষ্টি হয়েছে। তারা দ্রুত এ জটিলতার অবসান চেয়ে সরকারের সংশ্লিষ্ট মহলের হস্তক্ষেপ কামনা করেন।

রিটের নামে প্রহসন বন্ধের দাবিতে হাউলী ইউনিয়নে মানববন্ধন আজ

“রিটের নামে প্রহসন বন্ধ করো, হাউলী ইউনিয়ন পরিষদে অবিলম্বে নির্বাচন চাই” এই স্লোগানকে সামনে রেখে হাউলী ইউনিয়ন পরিষদ প্রাঙ্গণে আজ বুধবার বেলা ১১টায় এক মানববন্ধন কর্মসূচি অনুষ্ঠিত হবে। ইউনিয়নবাসীর উদ্যোগে আয়োজিত এ কর্মসূচিতে স্থানীয় জনসাধারণ, বিভিন্ন সামাজিক ও রাজনৈতিক সংগঠনের নেতৃবৃন্দ অংশগ্রহণ করবেন বলে জানা গেছে।

স্থানীয় সূত্রে জানা যায়, সীমানা সংক্রান্ত জটিলতা ও একাধিক রিট আবেদনের কারণে প্রায় এক যুগ ধরে হাউলী ইউনিয়ন পরিষদের নির্বাচন বন্ধ রয়েছে। ২০১১ সালের নির্বাচিত জনপ্রতিনিধিরাই এখনো দায়িত্ব পালন করছেন। এতে করে ইউনিয়নবাসীর মধ্যে দীর্ঘদিনের ক্ষোভ ও হতাশা বিরাজ করছে।

ইউনিয়নবাসীর অভিযোগ, গত ৫ আগস্টের পর আর কোনো মামলা না থাকলেও সম্প্রতি হাউলী ইউনিয়ন পরিষদের চারজন অসাধু ইউপি সদস্য নির্বাচন ও প্রশাসক নিয়োগ স্থগিত চেয়ে পুনরায় হাইকোর্টে রিট আবেদন করেছেন। ফলে আবারও নির্বাচন প্রক্রিয়া অনিশ্চয়তার মুখে পড়েছে।

মানববন্ধন আয়োজকরা জানান, বারবার নির্বাচনে প্রতিবন্ধকতা সৃষ্টিকারীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ এবং অবিলম্বে নির্বাচন অনুষ্ঠানের দাবিতেই এ কর্মসূচি পালন করা হচ্ছে। তারা বলেন, “গণতান্ত্রিক অধিকার প্রতিষ্ঠার লক্ষ্যে আমরা শান্তিপূর্ণভাবে মানববন্ধন করছি। দ্রুত নির্বাচন দিয়ে জনগণের ভোটাধিকার নিশ্চিত করতে হবে।”এদিকে মানববন্ধন ঘিরে এলাকায় ব্যাপক আলোচনা সৃষ্টি হয়েছে। শান্তিপূর্ণভাবে কর্মসূচি পালনের প্রস্তুতি সম্পন্ন হয়েছে বলে আয়োজকরা জানিয়েছেন।

দর্শনা আজিমপুরে দিনে দুপুরে চুরি, স্বর্ণালংকার ও টাকা লুট

দর্শনা আজিমপুর মাঠপাড়ায় দিনে দুপুরে বসতঘরের তালা ভেঙে স্বর্ণালংকার ও নগদ টাকা লুটের ঘটনায় থানায় লিখিত অভিযোগ দায়ের করা হয়েছে। মঙ্গলবার সকাল সাড়ে ৯টা থেকে দুপুর ১২টার মধ্যে কোনো এক সময় এ ঘটনা ঘটে বলে অভিযোগে উল্লেখ করা হয়েছে।

লিখিত অভিযোগ সূত্রে জানা যায়, দর্শনা আজিমপুরের মৃত হাজী দেলোয়ার হোসেনের মেয়ে মোছা মায়া খাতুন (২০) উল্লেখ করেছেন যে, তিনি ও তার মা ফাতেমা খাতুন সকাল সাড়ে ৯টার দিকে ঘরের দরজায় তালা লাগিয়ে কর্মস্থলে যান। দুপুর ১২টার দিকে তার মা বাড়িতে ফিরে ঘরের তালা ভাঙা দেখতে পান। পরে স্থানীয়দের উপস্থিতিতে ঘরে প্রবেশ করে দেখা যায়, আলমারির তালা ভেঙে ১টি স্বর্ণের চেইন, ২ জোড়া কানের দুল, ১টি নাকফুল এবং নগদ ২০,০০০ টাকা লুট করা হয়েছে।

অভিযোগে আরও বলা হয়েছে, অজ্ঞাতনামা ব্যক্তি বা ব্যক্তিরা সকাল ৯টা ৩০ মিনিট থেকে দুপুর ১১টা ৪৫ মিনিটের মধ্যে বসতঘরে প্রবেশ করে উক্ত মালামাল নিয়ে যায়। বিষয়টি পারিবারিকভাবে আলোচনা করে সন্ধ্যার পরে দর্শনা থানায় লিখিত অভিযোগ দায়ের করা হয়।

স্থানীয়রা জানান, এলাকায় এর আগেও একাধিক চুরির ঘটনা ঘটেছে, ফলে বাসিন্দাদের মধ্যে আতঙ্ক বিরাজ করছে। দর্শনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী হাসান জানিয়েছেন, অভিযোগের ভিত্তিতে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে। ক্ষতিগ্রস্ত পরিবার দ্রুত চোর শনাক্ত ও গ্রেপ্তারের দাবি জানিয়েছে।

আলমডাঙ্গা বণিক সমিতির ইফতার মাহফিল

আলমডাঙ্গা বণিক সমিতির উদ্যোগে ইফতার মাহফিল ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার বিকেল সাড়ে ৫টার সময় বণিক সমিতির কার্যালয়ে ইফতার পূর্ব আলোচনা সভায় সভাপতিত্ব করেন বণিক সমিতির সভাপতি আরেফিন মিয়া মিলন। সাধারণ সম্পাদক খন্দকার আব্দুল্লাহ আল মামুনের পরিচালনায় বক্তব্য রাখেন বণিক সমিতির সহ-সভাপতি হাফিজুর রহমান, হাজী রফিকুল আলম, কোষাধ্যক্ষ আলাউদ্দিন আহমেদ, যুগ্ম সম্পাদক শরিফুল ইসলাম ও জাহাঙ্গির আলম, সাংগঠনিক সম্পাদক আমিরুল ইসলাম লিটন, ক্রীড়া সম্পাদক হাবিবুর রহমান, দপ্তর সম্পাদক শফিউল ইসলাম ও ধর্ম সম্পাদক রেজাউল করিম কাবলু। বক্তারা সমিতির দুই বছরের উন্নয়ন ও পবিত্র রমজানে করনীয় বিষয়ে আলোকপাত করেন।

এ সময় উপস্থিত ছিলেন আলমডাঙ্গা বণিক সমিতির ধর্মীয় সম্পাদক রেজাউল করিম কাবিল, দপ্তর সম্পাদক শফিউল হাসান মিলন, নির্বাহী সদস্য জয়নাল আবেদীন ক্যাপ, হাজী রফিকুল আলম, মোহাম্মদ শরিফুল ইসলাম, সাইদুর রহমান, সিরাজুল ইসলাম, ফারুক আলী, কাবলু মিয়া, তোতা মিয়া, রতন আলী, আলমডাঙ্গা প্রেসক্লাবের সাবেক সাধারণ সম্পাদক ও সমিতির সদস্য হামিদুল ইসলাম আজম প্রমুখ। আলোচনা শেষে সমিতির কার্যালয়ে ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়।

সভায় সভাপতি জানান, “আজ আমাদের দুই বছরের পূর্তি হয়েছে। আমরা সকল সদস্য ঐক্যবদ্ধভাবে সমিতির কার্যক্রম এগিয়ে নিয়ে যাচ্ছি।” সমিতির সহ-সভাপতি হাজী রফিকুল আলম প্রস্তাব করেন, সমিতির নামে জমি ক্রয় করে স্থাপনা নির্মাণ করা যেতে পারে। এ বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন। সাধারণ সম্পাদক খন্দকার আব্দুল্লাহ আল মামুন বলেন, “বর্তমান কার্যকরী কমিটি সফলভাবে দুই বছর অতিবাহিত করেছে। বাকি এক বছরে আমরা সমিতির জন্য বিশেষ কিছু কার্যক্রম করতে চাই।”

জনগণের খেদমত করা কেবল দায়িত্ব নয়, এটি মানবিক ও ধর্মীয় কর্তব্য

চুয়াডাঙ্গা জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়নে নাগরিক গণসংবর্ধনা ও বিভিন্ন স্থানে পথসভা করেছেন চুয়াডাঙ্গা-২ আসনের নবনির্বাচিত সংসদ সদস্য ও জেলা আমীর রুহুল আমিন।

মঙ্গলবার বিকাল ৩টা থেকে সীমান্ত ইউনিয়নের উদ্যোগে চুয়াডাঙ্গা-২ আসনের এমপি মোঃ রুহুল আমিন গোয়ালপাড়া ২ নং ওয়ার্ড, নতুন পাড়া ৩ নং ওয়ার্ড, বেনীপুর বাজারে গণসংযোগ, পথসভা ও গণসংবর্ধনা অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।

এ সময় তিনি বলেন, “সমাজ উন্নয়নের মূল ভিত্তি হলো সেবামূলক মনোভাব ও নৈতিকতা। সমাজের প্রতিটি নাগরিক যদি নিজের অবস্থান থেকে অন্যের কল্যাণে কাজ করেন, তবে একটি সুন্দর ও নিরাপদ সমাজ গড়ে তোলা সম্ভব।”

তিনি আরও বলেন, “বর্তমান যুবসমাজের জন্য সবচেয়ে বড় হুমকি হলো মাদকাসক্তি। মাদক শুধু একজন ব্যক্তির জীবনই ধ্বংস করে না, বরং একটি পরিবার ও পুরো সমাজকে বিপর্যস্ত করে তোলে। তাই যুবসমাজ ও সন্তানদের মাদকমুক্ত রাখতে পরিবার, শিক্ষা প্রতিষ্ঠান, সমাজ ও প্রশাসনের সমন্বিত উদ্যোগ প্রয়োজন। অভিভাবকদের উচিত সন্তানদের সঙ্গে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক গড়ে তোলা, তাদের চলাফেরা ও বন্ধু নির্বাচনের খোঁজ রাখা এবং নৈতিক শিক্ষায় উদ্বুদ্ধ করা। স্কুল-কলেজে সচেতনতামূলক সভা ও খেলাধুলার আয়োজন করতে হবে।”

অন্যদিকে, তিনি রমজান মাসকে মুসলমানদের জন্য বরকতময় ও রহমতের মাস হিসেবে বর্ণনা করে বলেন, “এই মাস আত্মশুদ্ধি, সংযম ও মানবসেবার শিক্ষা দেয়। রোজা মানুষের ধৈর্য, সহমর্মিতা ও আত্মনিয়ন্ত্রণ বৃদ্ধি করে। রমজানে দান-সদকা ও গরিব-দুঃখীদের সহযোগিতা করার মাধ্যমে সমাজে ভ্রাতৃত্ববোধ জোরদার করা যায়।”

সময় আরও উপস্থিত ছিলেন জেলা তারবিয়াত সেক্রেটারি জিয়াউল হক, মানব সম্পদ উন্নয়নের সভাপতি অধ্যাপক খলিলুর রহমান, মজলিসুল মুফাসসিরিনের সভাপতি হাফিজুর রহমান, তালিমুল কুরআনের সভাপতি

মহিউদ্দিন, জীবননগর উপজেলা আমীর মোঃ সাজেদুর রহমান, সেক্রেটারি মাহফুজুর রহমান, আবু বকর, ইউনিয়নের আমীর আব্দুল ওয়াহিদসহ অসংখ্য নেতাকর্মী।

জীবননগর সীমান্তে ২২০ পিস ভারতীয় নিষিদ্ধ ডিএন টাইট কীট জব্দ

চুয়াডাঙ্গার জীবননগর সীমান্তে চোরাচালানবিরোধী বিশেষ অভিযানে ২২০ পিস নিষিদ্ধ ভারতীয় ডিএন টাইট কীট উদ্ধার করেছে বিজিবি। মঙ্গলবার ভোর ৪টার দিকে এগুলো উদ্ধার করা হয়।

বিজিবি সূত্র জানায়, মঙ্গলবার ভোরে জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়নের রাজাপুর বিওপি দায়িত্বপূর্ণ এলাকায় অভিযান পরিচালনা করা হয়। সীমান্ত পিলার ৭১/৯-এস থেকে মাত্র ৫০ গজ ভেতরে বাংলাদেশের অভ্যন্তরে রাজাপুর গ্রামের শুকুর আলীর ভুট্টাক্ষেত থেকে এসব কীট উদ্ধার করা হয়। উদ্ধারকৃত কীটের আনুমানিক বাজারমূল্য ৫ লাখ ৪০ হাজার টাকা।

মহেশপুর ব্যাটালিয়ন (৫৮ বিজিবি)-এর সহকারী পরিচালক মোস্তাফিজুর রহমান বলেন, “সীমান্ত এলাকায় চোরাচালান প্রতিরোধে বিজিবির কঠোর নজরদারি ও অভিযান অব্যাহত রয়েছে।”

জীবননগরে ইয়াবাসহ আটক যুবকের

জেল ও জরিমানা

জীবননগরে দুই পিস ইয়াবাসহ মো. আশিক (২১) নামে এক যুবককে ভ্রাম্যমাণ আদালত তিন মাসের কারাদণ্ড ও ৫০০ টাকা জরিমানা করেছে।

মঙ্গলবার বেলা ২টার দিকে জীবননগর উপজেলা নির্বাহী কর্মকর্তা ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. আশরাফুল আলম রাসেল জীবননগর মকসেদ সুপারমার্কেটে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে এ কারাদণ্ড ও জরিমানা প্রদান করেন। মো. আশিক জীবননগর পৌরসভার তেঁতুলিয়ার গ্রামের আরিফ উদ্দীনের ছেলে।

ভ্রাম্যমাণ আদালত সূত্রে জানা গেছে, মঙ্গলবার দুপুরে আশিককে দুই পিস ইয়াবাসহ জীবননগর থানা পুলিশের একটি টিম আটক করে। পরে জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সোলায়মান সেখ উপজেলা নির্বাহী কর্মকর্তা ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. আশরাফুল আলম রাসেলকে খবর দেন। ঘটনাস্থলে গিয়ে ইউএনও ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে আশিককে তিন মাসের বিনাশ্রম কারাদণ্ড ও ৫০০ টাকা জরিমানা করেন।

জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সোলায়মান সেখ জানান, মাদকসহ আটকের পর ইউএনওকে খবর দেওয়া হয়। পরে ইউএনও ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে সাজা দেন। আশিককে কারাগারে প্রেরণের প্রক্রিয়া চলমান।

উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. আশরাফুল আলম রাসেল বলেন, মাদকের বিরুদ্ধে আমাদের অভিযান অব্যাহত রয়েছে। সমাজকে মাদকমুক্ত রাখতে ভ্রাম্যমাণ আদালতের এ ধরনের কার্যক্রম নিয়মিত চলবে।

দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স মসজিদের ওযুখানা

নির্মাণ কাজের উদ্বোধন

দামুড়হুদা উপজেলার চিৎলায় অবস্থিত উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স মসজিদের নতুন ওযুখানা, টয়লেট এবং ইমামের থাকার কক্ষ নির্মাণ কাজের উদ্বোধন করা হয়েছে।

মঙ্গলবার সকাল ১০টার দিকে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার উবায়দুর রহমান সাহেল এবং উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনামসজিদের কর্মকর্তা ডা. মোঃ মশিউর রহমান এ নির্মাণকাজের উদ্বোধন করেন।

এ সময় উপস্থিত ছিলেন স্বাস্থ্য কমপ্লেক্সের ক্যাশিয়ার জাহাঙ্গীর আলম, মেডিকেল টেকনোলজিস্ট (ইপিআই) ফারুক হোসেন, স্যানিটারি ইন্সপেক্টর নিয়ামত আলী, উপজেলা বিএনপির সাবেক প্রচার সম্পাদক আশরাফুল আলম বাবলু, সুধীজন আব্দুল খালেক, মকবুল হোসেনসহ স্বাস্থ্য কমপ্লেক্সের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।

নির্মাণকাজ সম্পন্ন হলে স্বাস্থ্য কমপ্লেক্সে আগত মুসল্লিদের নামাজ আদায় ও ওজু করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আশা প্রকাশ করেন প্রধান অতিথি উবায়দুর রহমান সাহেল।

আলমডাঙ্গায় দুই প্রতিষ্ঠানে ৫ হাজার টাকা জরিমানা

আলমডাঙ্গা পৌর বাজারে ভ্রাম্যমাণ আদালত অভিযান পরিচালনা করে দুইটি মুদিখানা প্রতিষ্ঠানে মোট ৫ হাজার টাকা জরিমানা আদায় করেছে।

মঙ্গলবার বিকেল ৪টার দিকে পৌর বাজার এলাকায় অভিযান পরিচালনা করেন উপজেলা নির্বাহী অফিসার পান্না আক্তার।

অভিযানে শিশু খাদ্যের উত্তোলিত মূল্য তালিকা সংরক্ষণ না করা এবং নির্ধারিত মূল্য তালিকা প্রদর্শন না করার অপরাধে ভোক্তা অধিকার

সংরক্ষণ আইন, ২০০৯-এর ৫১ ধারায় দুইটি প্রতিষ্ঠানের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয়।

অভিযানে ‘সুবল স্টোর’-কে ২ হাজার টাকা এবং বড় মসজিদের পাশে অবস্থিত ‘বাবুল স্টোর’-কে ৩ হাজার টাকা জরিমানা করা হয়। তাৎক্ষণিকভাবে জরিমানার অর্থ আদায় করা হয়েছে।

অভিযানকালে উপস্থিত ছিলেন পৌরসভার স্যানিটারি ইন্সপেক্টর মোঃ মাহফুজুর রানা। প্রশাসনিক সহযোগিতায় ছিল আলমডাঙ্গা থানা পুলিশের একটি বিশেষ টিম।

এছাড়া ভ্রাম্যমাণ আদালত বাজারের কাঁচাবাজার, ফলপট্টি ও নিত্যপ্রয়োজনীয় পণ্যের দোকানগুলোতে বিশেষ মনিটরিং ও সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করে। ব্যবসায়ীদের যথাযথভাবে মূল্য তালিকা প্রদর্শন এবং নির্ধারিত দামে পণ্য বিক্রির নির্দেশনা দেওয়া হয়। একই সঙ্গে বাজার এলাকা ফুটপাতমুক্ত রাখার বিষয়েও সতর্ক করা হয়।

উপজেলা প্রশাসন জানায়, বাজারে নিত্যপ্রয়োজনীয় পণ্যের মূল্য নিয়ন্ত্রণ ও ভোক্তাদের স্বার্থ রক্ষায় এ ধরনের অভিযান অব্যাহত থাকবে।